

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৪)
৩৭/৩/এ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, রমনা, ঢাকা
www.ccb.gov.bd

নং ২৬.১২.০০০০.১০৪.১১.০১৩.২৩- ২৪২

তারিখ: ২২-০৫-২০২৫ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ১৬-১০-২০২৩ খ্রি: তারিখের ২৬.১২.০০০০.১০৪.১১.০০৬.২৩-৫৭৮ নং স্মারকমূলে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী বিভিন্ন পদে (৬ষ্ঠ গ্রেড - ৯ম গ্রেড এবং ১৩তম গ্রেড - ১৬তম গ্রেড) নিয়োগের লক্ষ্যে গৃহীত লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে সাময়িকভাবে নির্বাচিত প্রার্থীদের রোল নম্বর নিম্নরূপ:

(ক) প্রোগ্রামার (গ্রেড-৬): 11000032= ১ (এক) জন

(খ) সহকারী পরিচালক (গ্রেড-৯): 12000160, 12000274, 12000722= ৩ (তিন) জন

(গ) সহকারী পরিচালক (গবেষণা) (গ্রেড-৯): 13000008= ১ (এক) জন

(ঘ) ব্যক্তিগত সহকারী (গ্রেড-১৪): 14000372, 14000552, 14001854, 14000696, 14000691, 14001490= ৬ (ছয়) জন


(ঙ) অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬): 15000104, 15000166, 15000016, 15000144= ৪ (চার) জন

- ০২। উল্লেখ্য, সাময়িকভাবে নির্বাচিত প্রার্থীদের নিয়োগের পূর্বে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রার্থী কর্তৃক আবেদনপত্রের সাথে প্রদত্ত তথ্য, ডকুমেন্টস, সনদের সত্যতা যাচাইপূর্বক নিশ্চিত হয়ে চূড়ান্ত নিয়োগপত্র জারি করা হবে। পরবর্তীকালে কোনো যোগ্যতা বা কাগজপত্রের ঘাটতি ধরা পড়লে; দুর্নীতি, সনদ জালিয়াতির প্রমাণ পাওয়া গেলে; অসত্য তথ্য প্রদান করলে বা কোনো উল্লেখযোগ্য ভুল ত্রুটি পরিলক্ষিত হলে উক্ত প্রার্থীর সাময়িক সুপারিশ বাতিল বলে গণ্য হবে। চাকরিতে নিয়োগের পর এরূপ কোনো তথ্য প্রকাশ পেলে বা প্রমাণিত হলে তাকে চাকরি হতে বরখাস্ত করা ছাড়াও তার বিরুদ্ধে উপযুক্ত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ০৩। কমিশনের ওয়েবসাইট থেকে পুলিশ ভেরিফিকেশন ফরম ডাউনলোড করে অথবা কমিশন থেকে ফরম সংগ্রহ করে তা পূরণপূর্বক প্রয়োজনীয় কাগজপত্রসহ ২২-০৬-২০২৫ তারিখের মধ্যে সচিব, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন (রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৪) ৩৭/৩/এ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, রমনা, ঢাকা) বরাবর দাখিলের জন্য অনুরোধ করা হলো।
- ০৪। সাময়িকভাবে নির্বাচিত প্রার্থীকে কমিশন কর্তৃক নির্ধারিত তারিখের মধ্যে সিভিল সার্জন, ঢাকা কর্তৃক স্বাস্থ্য পরীক্ষা (ডোপ টেস্টসহ) সম্পন্ন করে এ সংক্রান্ত প্রতিবেদন সচিব, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন (রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৪) ৩৭/৩/এ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, রমনা, ঢাকা) বরাবর দাখিলের জন্য অনুরোধ করা হলো। প্রার্থীকে জাতীয় পরিচয় পত্র (NID) সহ সিভিল সার্জন, ঢাকা কার্যালয়ে উল্লিখিত সময়ের মধ্যে উপস্থিত থাকার জন্য বলা হল।
- ০৫। প্রার্থীদের পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্তে যোগ্য/উপযুক্ত হিসেবে বিবেচিত হওয়া এবং স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হওয়া সাপেক্ষে চূড়ান্ত নিয়োগপত্র জারি করা হবে।
- ০৬। ৬ষ্ঠ-৯ম গ্রেডভুক্ত পদে নির্বাচিত কোন প্রার্থী নির্ধারিত সময়ের মধ্যে চাহিদা মোতাবেক কাগজপত্র দাখিল না করলে অথবা পরবর্তীতে নির্ধারিত তারিখের মধ্যে যোগদান না করলে অথবা বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কর্মচারী চাকরি বিধিমালা, ২০১৯



মোতাবেক কোন প্রার্থী নিয়োগের অযোগ্য বিবেচিত হলে মেধা তালিকার শীর্ষে অবস্থানকারী পরবর্তী প্রার্থীদের মধ্য হতে নিয়োগ প্রদান করা হবে।

- ০৭। ১৩তম-১৬তম গ্রেডভুক্ত নির্বাচিত কোন প্রার্থী নির্ধারিত সময়ের মধ্যে চাহিদা মোতাবেক কাগজপত্র দাখিল না করলে অথবা পরবর্তীতে নির্ধারিত তারিখের মধ্যে যোগদান না করলে অথবা বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কর্মচারী চাকরি বিধিমালা, ২০১৯ মোতাবেক নিয়োগের অযোগ্য বিবেচিত হলে পদে অপেক্ষমাণ তালিকা হতে পদটি পূরণ করা হবে।
- ০৮। প্রকাশিত ফলাফলে কোনো উল্লেখযোগ্য (Substantive) ভুলত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধনের ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- ০৯। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।


22/01/23
(মাহবুবুর রহমান খান)
সচিব (উপসচিব)